



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

NOTICE MASTERS 2013 14

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি/২০১৩-২০১৪/৬৫৫৬ তারিখ: ০৪/০৯/২০১৬

২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি কার্যক্রমে যে সকল প্রার্থী ইতঃপূর্বে প্রাথমিক আবেদন করতে সক্ষম হয়নি তাদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি কার্যক্রমে যে সকল প্রার্থী ইতঃপূর্বে প্রাথমিক আবেদন করতে সক্ষম হয়নি সে সকল প্রার্থী আগামী ২০ সেপ্টেম্বর বিকাল ৪টা থেকে ২৪ সেপ্টেম্বর ২০১৬ তারিখ রাত ১২টা পর্যন্ত অনলাইনে প্রাথমিক আবেদন করতে পারবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) থেকে আগ্রহী প্রার্থীদের উক্ত আবেদন ফরম অনলাইনে পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ সংশ্লিষ্ট কলেজে ২৫ সেপ্টেম্বর ২০১৬ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক এ ধরনের প্রার্থীদের প্রাথমিক আবেদন নির্দিষ্ট সময়ের মধ্যে অবশ্যই অনলাইনে নিশ্চয়ন করতে হবে।

এ সকল নতুন আবেদনকারীদের প্রাথমিক আবেদনের ভিত্তিতে কোন মেধা তালিকা প্রকাশ করা হবে না। মেধা তালিকায় স্থান পেতে তাদের অবশ্যই পরবর্তীতে অনলাইনে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করতে হবে। উল্লেখ্য যে, কলেজ কর্তৃক প্রার্থীদের প্রাথমিক আবেদন অনলাইনে নিশ্চয়ন না করা হলে তারা রিলিজ স্লিপের মাধ্যমে আবেদন করতে পারবে না। রিলিজ স্লিপের অনলাইন আবেদনের সময়সূচি পরবর্তীতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) মাধ্যমে জানানো হবে।

নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে

| ক্রমিক | করণীয় | তারিখ |
|--------|--|----------------------------------|
| ১। | অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এর Masters Tab এ Apply Now (Masters Reg.) অপশনে ক্লিক করে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে। | ২০/০৯/২০১৬ থেকে ২৪/০৯/২০১৬ |
| ২। | প্রার্থীর প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ প্রয়োজনীয় কাগজ পত্র আবেদন ফরমে উল্লিখিত কলেজে জমা দেয়ার তারিখ | ২১/০৯/২০১৬ থেকে ২৫/০৯/২০১৬ |
| ৩। | কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার তারিখ (যে সকল কলেজ ইতঃপূর্বে ভর্তির প্রাথমিক আবেদন নিশ্চয়ন করতে পারেনি সে সকল প্রাথমিক আবেদনও নিশ্চয়ন করা যাবে) | ২১/০৯/২০১৬ থেকে ২৬/০৯/২০১৬ |
| ৪। | কলেজ কর্তৃক প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [প্রার্থী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে] "সোনালী সেবা" এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ [কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Masters Reg.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন 'সোনালী সেবা' প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।] | ২৭/০৯/২০১৬ থেকে ২৯/০৯/২০১৬ |
| ৫। | রিলিজ স্লিপের অনলাইন আবেদন শুরুর তারিখ | ২৯/০৯/২০১৬ |

(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)

ডীন (ভারপ্রাপ্ত), স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
সদস্য সচিব, মাস্টার্স ও প্রফেশনাল কোর্সসমূহে ভর্তি পরিচালনা কমিটি
ফোন : ৯২৯১০৭৪, কল সেন্টার: ০৯৬১৪-০১৬৪২৯
ই-মেইল- pgdeanoffice@gmail.com

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি/২০১৩-২০১৪/৬৫৫৬ তারিখ: ০৪/০৯/২০১৬

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভিসি (একাডেমিক) দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স ও প্রফেশনাল)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪